# নওগাঁ বিশ্ববিদ্যালয়
# Naogaon University
বাইপাস সড়ক, বরুনকান্দি মোড়, নওগাঁ।

স্মারক নং: ন:বি:/০৫/২০২৬/২৪৩/৬০৯ তারিখ: ৩০ আগস্ট ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

নওগাঁ বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে বর্ণিত শর্তাধীনে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম, গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহযোগী অধ্যাপক ( গ্রেড-৪) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- ক) আইন বিভাগ স্থায়ী পদ-০১টি খ) হিসাববিজ্ঞান বিভাগ স্থায়ী পদ-০১টি | ০২ | - | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>গ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে।<br>ছ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>জ) পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ০২ | সহকারী অধ্যাপক ( গ্রেড-৬) বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- ক) আইন বিভাগ স্থায়ী পদ-০১টি খ) হিসাববিজ্ঞান বিভাগ স্থায়ী পদ-০১টি | ০২ | - | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>গ) স্নাতকোত্তর/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছররে সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছররে সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছররে সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা থাকতে হবে।<br>ছ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>জ) পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ০৩ | প্রভাষক ( গ্রেড-৯) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- ক) আইন বিভাগ স্থায়ী পদ-০১টি খ) হিসাববিজ্ঞান বিভাগ স্থায়ী পদ-০১টি | ২ | অনূর্ধ্ব ৩২ বছর | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট (হিসাববিজ্ঞান/আইন বিভাগ) বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রোগ্রামার<br>গ্রেড-০৬<br>(৩৫৫০০-৬৭০১০/-) | ০১ | অনূর্ধ্ব<br>৪৫ বছর | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যান দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যন ০৫(পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ০৫ | সহকারী গ্রন্থাগারিক<br>গ্রেড-০৭<br>(২৯০০০-৬৩৪১০/-) | ০১ | অনূর্ধ্ব<br>৪৫ বছর | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি এবং লাইব্রেরি সংশ্লিষ্ট কম্পিউটার অটোমেশন কাজের অভিজ্ঞতাসহ ২২,০০০-৫৩,০৬০/- টাকা স্কেলের উপ-সহকারী গ্রন্থাগারিক পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ০৬ | মেডিকেল অফিসার<br>গ্রেড-০৯<br>(২২০০০-৫৩০৬০/-) | ০১ | অনূর্ধ্ব<br>৩২ বছর | ক) প্রার্থীকে বিএমডিসি কর্তৃক স্বীকৃত ও রেজিস্ট্রেশনকৃত এমবিবিএস ডিগ্রি থাকতে হবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ০৭ | নার্স (মহিলা)<br>গ্রেড-১০<br>(১৬০০০-৩৮৬৪০/-) | ০১ | অনূর্ধ্ব<br>৩২ বছর | ক) ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রি (বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক রেজিষ্টার্ড হতে হবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ০৮ | ল্যাব এ্যাসিস্ট্যান্ট<br>গ্রেড-১৫<br>( ৯৭০০-২৩৪৯০/-) | ০১ | অনূর্ধ্ব<br>৩২ বছর | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ।<br>শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ০৯ | বুক সর্টার<br>গ্রেড-১৮<br>(৮৮০০-২১৩১০/-) | ০১ | অনূর্ধ্ব<br>৩২ বছর | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক পাশ হতে হবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ১০ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ০২ | অনূর্ধ্ব<br>৩২ বছর | প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ১১ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০১ | অনূর্ধ্ব<br>৩২ বছর | প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১২ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০১ | অনূর্ধ্ব<br>৩২ বছর | প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ/হরিজন সম্প্রদায়ভুক্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

**শর্তাবলী (শিক্ষকদের ক্ষেত্রে):**

১) আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পদের জন্য ৮ (আট) সেট আবেদন পত্র আগামী ১৫/০৯/২০২৬ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়, বাইপাস সড়ক, বরুনকান্দি মোড়, নওগাঁ-৬৫০০ ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।

২) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.nau.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে।

৩) আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (খ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন ছবি (ঘ) জীবন বৃত্তান্ত (ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিক সনদপত্র।

৪) আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক পিএলসি'র যেকোনো শাখা থেকে সকল পদের জন্য ৬০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে, অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।

৭) চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যে সকল সরকারি চাকুরিজীবী প্রার্থী চাকুরিরত অবস্থায় উক্ত প্রতিষ্ঠানের অনুমতি নিয়ে আবেদন করবেন, সে সকল প্রার্থীকে নিয়োগ বাছাই বোর্ডে অংশগ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠান থেকে অনুমতিপত্র (NOC) আনতে হবে।

৮) প্রত্যেক প্রার্থীকে খামের উপরে পদের নাম এবং খামের বাম পাশে নিজ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৯) প্রার্থীদের নিজ ঠিকানা সম্বলিত ১১/- (এগারো) টাকার ডাক টিকিটসহ একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১০) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১১) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বাতিল বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২) আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩) নিয়োগ পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**শর্তাবলী (প্রশাসনিক জনবলের ক্ষেত্রে):**

১) আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পদের জন্য ৬ (ছয়) সেট আবেদনপত্র আগামী ১৫/০৯/২০২৬ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়, বাইপাস সড়ক, বরুনকান্দি মোড়, নওগাঁ-৬৫০০ ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।

২) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.nau.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে।

৩) আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে-
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (খ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন ছবি (ঘ) জীবন বৃত্তান্ত (ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিক সনদপত্র।

৪) আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক পিএলসি'র যেকোনো শাখা থেকে ৬ষ্ঠ থেকে ১০ম গ্রেডের জন্য ৬০০/- টাকা এবং ১১ থেকে ২০ গ্রেডের জন্য ৫০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫) চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যে সকল সরকারি চাকুরিজীবী প্রার্থী চাকুরিরত অবস্থায় উক্ত প্রতিষ্ঠানের অনুমতি নিয়ে আবেদন করবেন, সে সকল প্রার্থীকে নিয়োগ বাছাই বোর্ডে অংশগ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠান থেকে অনুমতিপত্র (NOC) আনতে হবে।

৬) প্রত্যেক প্রার্থীকে খামের উপরে পদের নাম এবং খামের বাম পাশে নিজ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৭) প্রার্থীদের নিজ ঠিকানা সম্বলিত ১১/- (এগারো) টাকার ডাক টিকিটসহ একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

৯) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বাতিল বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১) নিয়োগ পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বা./-
মো: সায়েম বিন সোলায়মান এফসিএমএ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নওগাঁ বিশ্ববিদ্যালয়।